



নরসিংদী টেকনিক্যাল স্কুল ও কলেজ
রায়পুরা, নরসিংদী।
www.narsingditsc.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং টিএসসি/নর/নিয়োগ বিজ্ঞপ্তি-১২/৩৯৩০

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ও অভিজ্ঞতা
১	ইন্সট্রাক্টর (কম্পিউটার) খন্ডকালীন	১টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা বি.এসসি. ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। শিক্ষকতায় অভিজ্ঞদের অধাধিকার দেয়া হবে।
২	জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার) খন্ডকালীন	১টি	কোন স্বীকৃত পলিটেকনিক/কলেজ/ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। শিক্ষকতায় অভিজ্ঞদের অধাধিকার দেয়া হবে।
৩	ল্যাব/ সহকারী কম্পিউটার/বিজ্ঞান	১টি	প্রার্থীকে সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি/এইচএসসি ভোকেশনাল পাশ অথবা বিজ্ঞান বিভাগে এইচএসসি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ৬ মাস মেয়াদি বেসিক কোর্স পাশ হতে হবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্নকারীদের অধাধিকার দেয়া হবে।
৪	ডাটা এন্ট্রি অপারেটর	১টি	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২০ (বিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে। কম্পিউটার অফিস এপ্লিকেশন/আইটি সাপোর্ট টেকনিশিয়ান/গ্রাফিক্স ডিজাইন কোর্স সম্পন্নকারীদের অধাধিকার দেয়া হবে।
৫	প্রশিক্ষক (ড্রাইভিং কাম অটো-মেকানিক্স)	১টি	প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬(ছয়) মাস মেয়াদি ড্রাইভিং কাম অটো-মেকানিক্স বেসিক কোর্স পাশসহ বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ন্যূনতম অষ্টম শ্রেণী পাশসহ ড্রাইভিং লাইসেন্স ও অটো-মেকানিক্স কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৬	বাগান কর্মী	১টি	প্রার্থীকে অষ্টম শ্রেণী/সমমান পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

আবেদনের শর্তাবলী






- আগ্রহী প্রার্থীগণকে A-4 সাইজের কাগজে চাকুরির আবেদনের ফরম (www.narsingditsc.gov.bd থেকে সংগ্রহ পূর্বক) পূরণ করে অধ্যক্ষ, নরসিংদী টেকনিক্যাল স্কুল ও কলেজ, রায়পুরা, নরসিংদী ঠিকানাযুক্ত খামে (খামের উপর পদের নাম উল্লেখসহ) ২৬ সেপ্টেম্বর ২০১৭খ্রি. তারিখের মধ্যে সরাসরি (অফিস চলাকালীন সময়ে) অথবা ডাকযোগে পৌছাতে হবে। ভুলটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমানক হিসাবে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন এবং কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং মুক্তিযোদ্ধার সনদ প্রমানের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হবে। প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহন করা হবে; পরীক্ষার তারিখ সময় ও নিয়মাবলী ই-মেইলে/মোবাইলের মাধ্যমে জানানো হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে আবেদনকারীর পরীক্ষা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না। উল্লেখিত পদের সংখ্যা কম বা বেশি হতে পারে।
- আবেদনের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি রঙ্গীন ছবি এবং ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক নিজ এলাকার ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক চারিত্রিক ও নাগরিকত্বের সনদপত্রসহ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- নিরাপত্তা ও অত্যাবশ্যকীয় শিক্ষক-কর্মচারী/অন্যান্য খাত হতে বেতন-ভাতাদী পরিশোধ করা হবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং নির্ধারিত আবেদন ফরম নরসিংদী টেকনিক্যাল স্কুল ও কলেজের www.narsingditsc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

(প্রকৌঃ মোঃ মাহবুব হায়দার)

অধ্যক্ষ

নরসিংদী টেকনিক্যাল স্কুল ও কলেজ

একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দের অনুমোদনের স্বাক্ষর

ডীক্ষ ইন্স./বিভাগীয় প্রধান
 ডীক্ষ ইন্স./বিভাগীয় প্রধান
 ডীক্ষ ইন্স./বিভাগীয় প্রধান
 ডীক্ষ ইন্স./বিভাগীয় প্রধান
 ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রতিনিধি
 নন-টেক
 টেকনোলজী/ট্রেড
 টেকনোলজী/ট্রেড
 টেকনোলজী/ট্রেড
 টেকনোলজী/ট্রেড
 টেকনোলজী/ট্রেড

নরসিংদী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ